ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক সংবাদপত্র



নিউজ
# সারাদিন




বাংলার মানুষের সাথে, মানুষের পাশে

DL- No.-03 /Date:29/02/2025 ● Prgi Application Process No. : T/WB/2024/0617/6991/1130 ● Govt. of India Reg No. : WB18D0018520 (UAN) ● ISBN No. : 978-93-5918-830-0 ● Website : https://epaper.newssaradin.live/

● বর্ষ ঃ ৫ ● সংখ্যা ঃ ১৫০ ● কলকাতা ● ২০ জ্যৈষ্ঠ, ১৪৩২ ● বুধবার ● ০৪ জুন ২০২৫ ● পৃষ্ঠা - ৮ ● মূল্য - ৫ টাকা

# নবান্নে ঢুকেই আচমকা অর্থ দফতরে ঢুঁ মুখ্যমন্ত্রীর



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

নবান্নের মুখ্যমন্ত্রীর দফতর ১৪ তলায়। মঙ্গলবার নবান্নে ঢুকেই আচমকাই অর্থদফতরে সারপ্রাইজ ভিজিট করেছেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। এদিন নবান্নের ১৪ তলার পরিবর্তে সোজা হাজির হন ১২ তলায়। অর্থ দফতরে গিয়ে, সেখানে অফিসার-কর্মীদের সঙ্গে আলোচনা করেছেন তিনি।২০২৩ সালে মার্চ মাসে এইভাবেই সারপ্রাইজ ভিজিট করেছিলেন স্বরাষ্ট্র ও পার্বত্য বিষয়ক দফতরে। সেই সময় কর্মীদের উপস্থিতি নিয়ে উষ্মা প্রকাশ করেছিলেন। অধিকাংশ চেয়ার ফাঁকা দেখে কর্মীদের অনুপস্থিতি নিয়ে প্রশ্ন তুলেছিলেন। ২ বছর পর ফের নবান্নের আরেক দফতর ঘুরে দেখলেন তিনি।জানা গিয়েছে, অর্থ দফতরের কাজ কেমন চলছে সেই বিষয়ে খোঁজ খবর নিয়েছেন মুখ্যমন্ত্রী।পাশাপাশি কিছু অফিসার ছবি তোলার অনুরোধ জানালে, খোশ মেজাজেই সেই অনুমতি মিটিয়েছেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। মুখ্যমন্ত্রী অর্থ

এরপর 3 পাতায়


## বালি মাফিয়াদের সঙ্গে যোগাযোগ? বোলপুরের আইসি'র বিরুদ্ধে বিভাগীয় তদন্ত




**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

**বোলপুর :** অনুব্রত মণ্ডলের পাশাপাশি বোলপুর থানার আইসি লিটন হালদারের বিরুদ্ধেও শুরু হয়েছে বিভাগীয় তদন্ত। তাঁর মোবাইল তদন্তের স্বার্থে বাজেয়াপ্ত করা হয়েছে বলে জানা গিয়েছে। লিটন হালদারের বিরুদ্ধে অনুব্রত মণ্ডল সহ অনেকেই একাধিক অভিযোগ তুলেছিলেন অনেক আগেই। তাঁর বিরুদ্ধে বালি

এরপর 3 পৃষ্ঠায়






# কোন্নগরে ঐতিহ্যপূর্ণ লোকনাথ বাবার ১৩৫ তম তিরোধান দিবস পালন



**বলাইচাঁদ মুখোপাধ্যায়, কোন্নগর, হুগলি**

৩রা জুন, কোন্নগরের কানাইপুর গ্রাম পঞ্চায়েতের অন্তর্গত বাঁশাই চন্ডিগড় লোকনাথ মন্দিরে বিভিন্ন অনুষ্ঠানের মাধ্যমে ঐতিহ্যপূর্ণ শ্রীশ্রী লোকনাথ বাবার ১৩৫ তম তিরোধান দিবস পালন করা হয়। বাঁশাই চন্ডিগড় গ্রামের বাসিন্দারা প্রতিবছর এই পুজোয় মেতে ওঠেন। এখানে মানসিক পূজাও দেওয়া হয়। কয়েক হাজার মানুষের মধ্যে বাবার ভোগ প্রসাদ বিতরণ করা হয়। লোকনাথবাবার পাথরের মূর্তির উচ্চতা চার ফুট। সকাল থেকেই হোম যজ্ঞ চণ্ডীপাঠ অনুষ্ঠিত হয়। ভোগ প্রসাদে মধ্যে ছিল মাখন, মিছরি, এবং আমৃতি, সব রকম সবজি, দিয়ে তৈরি ভাত, ডাল, চচ্চড়ি, খিচুড়ি, পায়েস এবং চাটনি। বাঁশাই লোকনাথ মন্দির কমিটির সভাপতি উজ্জ্বল ঘোষ বলেন সমস্ত নিয়ম মেনে এখানে লোকনাথ বাবার পূজা হয়ে আসছে। মন্দির কমিটির সম্পাদক শরৎ বিশ্বাস, বলেন ২০০৫ সাল থেকে এই পুজো হয়ে আসছে এবং প্রতিবছরের মতোই দুইদিনব্যাপী এই অনুষ্ঠান হয়ে চলেছে। সন্ধ্যায় সন্ধ্যা আরতি অনুষ্ঠিত হয়। কয়েক হাজার ভক্তদের মধ্যে প্রসাদ বিতরণ করা হয়। এখানে অসংখ্য ভক্ত পুজোর ডালি নিয়ে লম্বা লাইনে দাঁড়িয়ে পুজো দেন। মন্দির কমিটির সম্পাদক বলেন তারা বাৎসরিক পুজো ছাড়াও বিভিন্ন সামাজিক কাজও করে থাকেন। তিনি বলেন বাবা লোকনাথ ব্রহ্মচারী ভক্তদের মনে সব সময় ভরসা যুগিয়েছেন। তার বাণী তুমি কখনো একা নও, আমি সর্বদা তোমার সঙ্গে আছি, এই সত্যটি কখনোই ভুলে যেও না। বাবা লোকনাথের কথায় রনে -বনে-জলে-জঙ্গলে যখনই বিপদে পড়বে। আমাকে স্মরণ করিও, আমি রক্ষা করবো। আজকের এই অনুষ্ঠানে ভক্তদের ভিড় লক্ষ্য করার মতো ছিল।

## কলকাতায় প্রথম কোভিড মৃত্যু



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**


আবার নতুনরূপে করোনা ছাড়াচ্ছে সারা বিশ্বজুড়ে। তার প্রভাব পড়েছে আমাদের দেশেও। এমন কি কলকাতাতেও। চলতি বছরে এই প্রথম করোনায় রাজ্যে মৃত্যুর ঘটনা ঘটল। যা স্বাভাবিকভাবেই উদ্বেগ বাড়ালো কয়েকগুণ। বেশ কিছুদিন ধরেই নতুন করে চোখ রাঙাচ্ছে করোনা। দেশে ইতিমধ্যেই মোট আক্রান্তের সংখ্যা প্রায় চার হাজার। বাংলায় আক্রান্তের সংখ্যা চারশোর কাছাকাছি। তাঁদের মধ্যেই ছিলেন খাস কলকাতার ৪৩ বছর বয়সী এই মহিলা। প্রথমে প্রবল শ্বাসকষ্ট নিয়ে আলিপুরের একটি বেসরকারি হাসপাতালে ভর্তি করা হয় তাঁকে। উপসর্গ থাকায়

এরপর ৬ পাতায়

# সুপ্রিম নির্দেশ মানা হয়নি!
# এসএসসির নয়া বিজ্ঞপ্তিকে চ্যালেঞ্জ করে হাই কোর্টে মামলা

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

সুপ্রিম নির্দেশ মানা হয়নি। এই অভিযোগে এসএসসির নয়া বিজ্ঞপ্তিকে চ্যালেঞ্জ করে হাই কোর্টে দায়ের হল মামলা। আগামী ৫ জুন শুনানির সম্ভাবনা।নয়া বিজ্ঞপ্তিতে শিক্ষাগত যোগ্যতা বা অ্যাকাডেমিক্সের নম্বর অনেকটা কমিয়ে দেওয়া হয়েছে। বদলে শিক্ষকতার পূর্ব অভিজ্ঞতা এবং ক্লাস নেওয়ার দক্ষতায় অতিরিক্ত নম্বর যোগ করা হয়েছে। নতুন বিধিতে স্বচ্ছতাতেও জোর দেওয়া হয়েছে। বিজ্ঞপ্তি অনুযায়ী, প্যানেলের মেয়াদ শেষ হওয়ার পর দু'বছর লিখিত পরীক্ষার ওএমআর




শিট সংরক্ষণ করা হবে। তারপর সেগুলি নষ্ট করা হতে পারে। তবে ওএমআর শিটের স্ক্যান করা কপি ১০ বছর পর্যন্ত সংরক্ষিত করা হবে। ওয়েবসাইটেও প্রকাশিত হবে ওএমআর শিটের কপি।২৬ হাজার চাকরি বাতিলের নির্দেশের পাশাপাশিই সুপ্রিম কোর্ট জানিয়ে দিয়েছিল নতুন করে পরীক্ষা নিতে হবে। বেঁধে দিয়েছিল সময়সীমা। তা মেনেই গত শুক্রবার নিয়োগের বিজ্ঞপ্তি প্রকাশিত হয়।সেই বিজ্ঞপ্তিই এবার আইনি জটে। সুপ্রিম নির্দেশ মানা হয়নি। এই অভিযোগ

এরপর ৪ পাতায়







(১ম পাতার পর)

# নবান্নে ঢুকেই আচমকা অর্থ দফতরে ঢুঁ মুখ্যমন্ত্রীর

দপতরে গিয়েছেন খবর পেয়েই নিজের ঘর থেকে বেরিয়ে এসে মমতা বন্দ্যোপাধ্যায়ের সঙ্গে দেখা করেছেন অর্থসচিব প্রভাত মিশ্র।

সূত্রের খবর, প্রায় পাঁচ থেকে সাত মিনিট অর্থদফতরে কাটিয়েছেন তিনি। সেখানে সকলের সঙ্গে কথা বলে নিজের দফতরে ফিরে গিয়েছেন। নিজের ১৪ তলার অফিসে পৌঁছে যান মুখ্যমন্ত্রী।

প্রতিদিন নবান্নে এসে সাধারণত সরাসরি নিজের অফিসে চলে যান মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। কিন্তু মঙ্গলবার ব্যতিক্রম ঘটিয়ে অর্থ দফতরে পরিদর্শন করেছেন তিনি। নাবান্নের অন্যান্য দফতরে মুখ্যমন্ত্রীর সারপ্রাইজ ভিজিট নতুন নয়। এর আগেও মুখ্যমন্ত্রী আচমকা ভূমিদফতর, অর্থদফতরের কাজ কর্ম দেখতে পরিদর্শনে গিয়েছিলেন। এদিন সরকারি দফতরের কাজ ও খতিয়ান নিয়ে আলোচনা করেছেন মুখ্যমন্ত্রী। জানা গিয়েছে, সরকারি কাজের ফাইল নিয়েও কথা হয়েছে।

(১ম পাতার পর)

# বালি মাফিয়াদের সঙ্গে যোগাযোগ? বোলপুরের আইসি'র বিরুদ্ধে বিভাগীয় তদন্ত

মাফিয়াদের সঙ্গে যোগাযোগ রাখার অভিযোগ রয়েছে।এরপরেই এক অনুব্রত নয়, কেষ্টর সঙ্গে তদন্তকারীদের আতশকাঁচের তলায় লিটন হালদারও। তাঁর বিরুদ্ধে ওঠা অভিযোগ যাচাই করে দেখতে চাইছেন তদন্তকারীরা।

তোলাবাজিরও অভিযোগও রয়েছে তাঁর বিরুদ্ধে। সত্যিকী তাঁর সঙ্গে যোগ রয়েছে বালি মাফিয়াদের?এই সকল অভিযোগের জেরেই শুরু বিভাগীয় তদন্ত।

অনুব্রত মণ্ডলের হুমকির বিষয়টি প্রকাশ্যে আসার পর নড়েচড়ে বসেছে পুলিশ প্রশাসন। নিটন হালদারকে দেওয়া হুমকির রেকর্ড কীভাবে ফোন কলের ভাইরাল হলো, সবটাই নজরে রেখেছে তদন্তকারীরা। এই বিষয়ে জানার জন্য বীরভূমের পুলিশ সুপারের যোগাযোগের চেষ্টা করা হয়েছে।

সূত্রের খবর, ২ বছর আগে সিআইডি থেকে বদলি হয়ে বোলপুর থানায় যান লিটন হালদার। ওই সময়ে তিহাড়ে ছিলেন অনুব্রত। জামিনে মুক্তি পেয়ে বীরভূমে ফিরে স্বমহিমায় কেষ্ট। লিটন হালদারকে ফোনে অকথ্য ভাষায় গালিগালাজ করার অভিযোগ উঠেছে। দলের থেকে কড়া বার্তা পেয়ে ক্ষমাও চেয়েছেন অনুব্রত। এই প্রসঙ্গে অনুব্রতর বিরুদ্ধে পুলিশ তদন্ত শুরু করেছে। তাঁকে হাজিরা দেওয়ার জন্য নোটিশও পাঠিয়েছে পুলিশ। কিন্তু শারীরিক অসুস্থতার কারণ দেখিয়ে হাজিরা এড়িয়েছেন তিনি। এই প্রসঙ্গে উঠেছে লিটন হালদারের বিরুদ্ধে একাধিক অভিযোগের কথা। কেউ কোনও সমস্যা নিয়ে তাঁর কাছে গেলে টাকা চাওয়ার অভিযোগ উঠেছে লিটল হালদারের বিরুদ্ধে।

# হাই হোপস এন্টারটেইনমেন্টের ৫ম সিজনে দেখা যাবে মহিমা ও সঙ্গীতা বিজলানির চমক



মো. জহির, কলকাতা

বলিউড অভিনেতা ও চলচ্চিত্র প্রযোজক সৌরভ হরিয়ানভি কলকাতায় জানান যে হাই হোপস এন্টারটেইনমেন্টের ৫ম সিজন আয়োজন করা হতে চলেছে এবং এটি খুবই পছন্দ হবে। হাই হোপস এন্টারটেইনমেন্টের সিইও সৌরভ হরিয়ানভির এক ঝলক দেখার জন্য মানুষ আগ্রহী ছিল। তিনি বলেন, এই সিজনে বলিউড অভিনেত্রী মহিমা চৌধুরী এবং সঙ্গীতা বিজলানির চমক প্রদ এন্ট্রি নিশ্চিত। এর আগে, ৪র্থ সিজনে মানুষ অভিনেতা রাহুল রাইকে অনেক পছন্দ করেছিল। সৌরভ বলেন, আমাদের লক্ষ্য প্রতি বছর এই শোটিকে আরও বড় করা, নতুন কিছু করা, ভিন্ন কিছু করা। প্রতিবার আমরা মনে করি যে মানুষ কেবল বিনোদন পাবে না বরং এর দ্বারা অনুপ্রাণিতও হবে। এটি কেবল একটি শো নয়, এটি একটি প্ল্যাটফর্মও, যেখানে আমরা প্রতিভাবানদের সুযোগ দেই। আমরা চেষ্টা করি যে এই শোটি অভাবী শিশুদের জন্য অনুপ্রেরণা হয়ে ওঠে। সত্য কথা হল, আমরা প্রতিটি প্রতিভাকে সুযোগ দেই। যদিও প্রতিটি কাজে প্রতিদিনই চ্যালেঞ্জ থাকে, তবুও আমি শুধু বলতে চাই যে শেখার কোনও বয়স নেই।

## এনসিসি-তে আরও ৩ লক্ষ ক্যাডেটকে অন্তর্ভুক্ত করা হবে : প্রতিরক্ষা প্রতিমন্ত্রী সঞ্জয় শেঠ

**নয়াদিল্লি, ৩ জুন, ২০২৫**

ভোপালে আজ ন্যাশনাল ক্যাডেট কোর- এনসিসি-র রাজ্য প্রতিনিধি এবং অতিরিক্ত মহানির্দেশকদের বিশেষ যৌথ সম্মেলনের উদ্বোধন করেন প্রতিরক্ষা প্রতিমন্ত্রী সঞ্জয় শেঠ। সারা দেশে আরও ৩ লক্ষ ক্যাডেটকে এনসিসি-র অন্তর্ভুক্ত করা হবে বলে তিনি জানান। বহু রাজ্য ইতিমধ্যেই এ বিষয়ে সহমত পোষণ করেছে এবং প্রয়োজনীয় প্রশিক্ষণ পরিকাঠামো গড়ে তোলার আশ্বাস দিয়েছে বলে তিনি জানান।

দেশ গঠন এবং তরুণ প্রজন্মের সর্বাত্মক বিকাশে এনসিসি-র ভূমিকার কথা তুলে ধরেন তিনি। প্রাক্তন সেনাকর্মীদের এনসিসি-র প্রশিক্ষক হিসেবে নিয়োগের উদ্যোগ কর্মসংস্থানের ক্ষেত্রেও বিশেষ সহায়ক হয়ে উঠেছে বলে তিনি জানান। স্বচ্ছ ভারত অভিযান, নয়া সভেরা কর্মসূচি কিংবা নেশামুক্তি অভিযানে এনসিসি গুরুত্বপূর্ণ দায়িত্ব পালন করেছে বলেও তিনি উল্লেখ করেন। ১৮ মে, ২০২৫ তারিখে এনসিসি ক্যাডেটদের এভারেস্ট অভিযানের সাফল্য এই বাহিনীর দক্ষতা ও সাহসিকতা আবারও প্রমাণ করেছে বলে প্রতিরক্ষা প্রতিমন্ত্রী মন্তব্য করেন।

এনসিসি-র প্রসারে কেন্দ্র-রাজ্য সমন্বয় জরুরি বলে তিনি মনে করিয়ে দেন।

অনুষ্ঠানে ভাষণ দেন এনসিসি-র মহানির্দেশক লেফ্টেন্যান্ট জেনারেল গুরবিরপাল সিং। উপস্থিত ছিলেন শিক্ষা, ক্রীড়া, প্রতিরক্ষা মন্ত্রকের প্রতিনিধিরা।

# সম্পাদকীয়

## আন্তর্জাতিক বিশ্বমঞ্চে পাকিস্তানের বিরুদ্ধে গর্জে উঠলেন অভিষেক

এই মুহূর্তে এশিয়া মহাদেশে ঘুরে বেড়াচ্ছেন ভারতীয় প্রতিনিধি দল। সেই দলে আছে অভিষেক বন্দ্যোপাধ্যায়। অভিষেকের দলের নেতৃত্বে রয়েছেন জেডিইউ সাংসদ সঞ্জয় ঝা। এই মুহূর্তে দলটি রয়েছে কুয়ালালামপুরে। আর সেখানেই বিশ্বের কাছে পাকিস্তানের বিরুদ্ধে সরব হলেন অভিষেক। তাঁকে বলতে শোনা গেল, ”২২ এপ্রিল যেভাবে ২৬ জন মানুষকে খুন করা হল পয়েন্ট ব্ল্যাঙ্ক রেঞ্জ থেকে... বিরোধী শিবিরের একজন সাংসদ হিসেবে আমি এরপর থেকে চেয়ে এসেছি পাকিস্তানের কাছে শুধুমাত্র PoK-র দাবি ছাড়া আর কোনও কথা যেন না হয়। অন্যথায় এমন ধরনের জঙ্গি হামলা হতেই থাকবে। এটা আমার ব্যক্তিগত মত।” সেই সঙ্গেই তিনি মনে করিয়ে দিয়েছেন, ইন্টারনেটে ছড়িয়ে পড়া ছবি থেকে গোটা বিশ্ব দেখেছে কীভাবে জঙ্গিদের অন্তেষ্টিতে যোগ দিয়েছে পাক সেনা কর্তারা!

২২ এপ্রিল যা ঘটেছে এরপর পাক অধিকৃত কাশ্মীরের দাবি ছাড়া পাকিস্তানের সঙ্গে আর কোনও কথা নয়। কুয়ালালামপুরে এভাবেই পাকিস্তানের বিরুদ্ধে গর্জে উঠলেন তৃণমূল কংগ্রেসের সাংসদ অভিষেক বন্দ্যোপাধ্যায়। প্রশ্ন তুললেন, যেভাবে অপারেশন সিঁদুরের পর জঙ্গিদের অন্ত্যেষ্টিতে যোগ দিয়েছেন পাক সেনাকর্তারা, এরপর আর বিশ্বকে পাকিস্তানের বিরুদ্ধে প্রমাণ দেওয়ার বাকি কি থাকতে পারে ভারতের। সেই সঙ্গেই তাঁর সাফ কথা, ”আমি তৃণমূল কংগ্রেসকে প্রতিনিধিত্ব করছি। শাসক দলের সঙ্গে আমার মতপার্থক্য থাকতেই পারে। কিন্তু এখানে আমি ভারতের প্রতিনিধিত্ব করতে এসেছি। এখানে আমি আমার জাতীয় আগ্রহর চেয়ে রাজনৈতিক আগ্রহকে বেশি গুরুত্ব দিতে পারি না।

# কোজাগরী লক্ষ্মী পূজা সঠিকভাবে পালন করলে বহু ফল পাওয়া যায় মানব জীবনে



মৃত্যুঞ্জয় সরদার
(সাতচল্লিশতম পর্ব)



ধন, সম্পদ, ঐশ্বর্য, সুখ, শান্তি, ইত্যাদি আশীর্বাদের আশায়। ভালো থাকবেন সুস্থ থাকবেন। রীতি নীতি মেনে পুজো করবেন। না জানলে এখানে দেখেনিন পুরোটা পড়ে। পুজো আর্চা জেনে নিয়ে করা ভালো না জেনে ভুল ভাবে পুজো করলে অমঙ্গল হয়। পোস্টটি শেয়ার করবেন সবার উদ্দেশে। ধন্যবাদ। দেবী লক্ষী সম্পদ বৃদ্ধি ও সৌভাগ্যের দেবী। তিনি সুন্দরী ও মাধুর্য্যময় দেবী। তিনি পূজারীদের ধন সম্পদ দান করে থাকেন। দেবী লক্ষী শ্রী হিসেবে পরিচিত ।কেননা তিনি সৌন্দর্য ও স্নিগ্ধতার প্রতীক । তিনি ভগবান বিষ্ণুর সহধর্মিনী।

ক্রমশঃ

(লেখকের অভিমতের জন্য লেখক দায়বদ্ধ)

(২ পাতার পর)

# সুপ্রিম নির্দেশ মানা হয়নি! এসএসসির নয়া বিজ্ঞপ্তিকে চ্যালেঞ্জ করে হাই কোর্টে মামলা

তুলে কলকাতা হাই কোর্টে দায়ের হল মামলা। মামলাকারী লুবানা পারভিনের দাবি, ৪৪ হাজার নিয়োগের যে বিজ্ঞপ্তি ও রুল প্রকাশ করা হয়েছে তার অবৈধ। বয়সের ছাড় থেকে অভিজ্ঞতার নম্বর, সব ক্ষেত্রে নির্দেশ লঙ্ঘন করা হয়েছে বলেই দাবি তাঁর।

প্রসঙ্গত, এসএসসির আগের বিজ্ঞপ্তিতে লিখিত পরীক্ষায় ছিল ৫৫ নম্বর। শিক্ষাগত যোগ্যতার উপরে ছিল ৩৫ নম্বর। ইন্টারভিউয়ে ক্ষেত্রে নম্বর ছিল ১০। নতুন বিজ্ঞপ্তিতে লিখিত পরীক্ষায় নম্বর বাড়িয়ে করা হয়েছে ৬০। শিক্ষাগত যোগ্যতার উপরে থাকবে সর্বোচ্চ ১০ নম্বর। এখানে ২৫ নম্বর কমিয়ে দেওয়া হয়েছে। বদলে যোগ করা হয়েছে শিক্ষকতার অভিজ্ঞতা এবং 'লেকচার ডেমোস্ট্রেশন'-এ। শিক্ষকতার অভিজ্ঞতার উপর দেওয়া হচ্ছে সর্বোচ্চ ১০ নম্বর। 'লেকচার ডেমোস্ট্রেশন'-এর জন্যও সর্বোচ্চ ১০ নম্বর রাখা হচ্ছে। অর্থাৎ শিক্ষকতার অভিজ্ঞতা এবং পড়ানোর দক্ষতার জন্য অতিরিক্ত ২০ নম্বর থাকছে। ইন্টারভিউয়ের জন্য আগের মতোই ১০ নম্বর থাকছে নতুন নিয়োগের ক্ষেত্রেও।

# সতীপীঠের অন্যতম কামাখ্যা



-: মৃত্যুঞ্জয় সরদার :-

রুদ্র সিংহের মৃত্যুর পর তার জ্যেষ্ঠপুত্র শিব সিংহ ১৭১৪ থেকে ১৭৪৪ খ্রিস্টাব্দে রাজত্ব করেন । তিনি কামাখ্যা মন্দির এবং পার্শ্ববর্তী বিরাট একটি ভূখণ্ড কৃষ্ণরামকে দেবত্তোর সম্পত্তি হিসেবে দান করেন।

ক্রমশঃ


## • সতর্কীকরণ •

এই পত্রিকায় প্রকাশিত সমস্ত বিজ্ঞাপনের দায় বিজ্ঞাপনদাতার পাঠকদের যথাযথ অনুসন্ধানের পর আস্থা স্থাপনের অনুরোধ জানাই। বিজ্ঞাপনদাতার ওপর বিশ্বাস রেখে বিজ্ঞাপন ছাপানো হয়। এই ব্যাপারে পত্রিকা কোনো রকম দায়িত্ব নেবে না।

# পরের আঘাত আরও ভয়ংকর, পাকিস্তানকে হুঁশিয়ারি সেনার

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

পহেলগাঁওয়ে জঙ্গি হামলার জেরে ভারতের প্রত্যাঘাত সন্ত্রাসবাদী ঘাঁটিতে। যারে জেরে পাকিস্তানি সেনার হামলার চেষ্টা। মুহুর্মুহু গোলাবর্ষণ, ড্রোন হামলা। পাল্টা ভারতের 'অপারেশন সিঁদুর'। পাক বিমান ঘাঁটিতে আক্রমণ। চারদিনের উত্তেজনার পর অবশেষে

সংঘর্ষবিরতি।অপারেশন সিঁদুর'-এর পর এই প্রথম দু'দেশের সামরিক কর্তা মুখোমুখি। ওই অনুষ্ঠানে ভৌগোলিক সীমানার নিরিখে ভারত-পাকিস্তানের প্রতিনিধিদের কাছাকাছি বসতে দেওয়া হয়। আর সেখানেই জেনারেল চৌহান বলেন, "যুদ্ধবিরতির পরেও ভারত সতর্ক রয়েছে। সেনাবাহিনী স্পষ্ট জানিয়ে দিয়েছে যে, পাকিস্তান যদি আবার কিছু করে তা হলে কঠোর জবাব দেওয়া হবে। অপারেশন সিঁদুর সফলভাবে ভারতের শক্তি প্রদর্শন করেছে। এই অভিযান থেকে আমাদের প্রতিপক্ষ কিছু শিক্ষা নেবে, আশা রাখছি।" এটাও স্পষ্ট করে



দেওয়া হয়েছে যে, ভারত সন্ত্রাসবাদ ইস্যুতে নীরব থাকবে না। পাল্টা জবাব দিয়েছেন পাক সেনাবাহিনীর শীর্ষকর্তা জেনারেল মির্জা। সন্ত্রাসবাদের কারণে পাকিস্তানেও বহু ক্ষয়ক্ষতি হয়েছে বলে দাবি করেছেন তিনি। এর পরই তিনি কাশ্মীর ইস্যু তুলে ধরেন। বলেন, "যে কোনও সমস্যার সম্পূর্ণ সমাধান প্রয়োজন। সংঘর্ষের পরিস্থিতি তৈরি হলে তাৎক্ষণিকভাবে কোনও বন্দোবস্ত করে তা ঠেকিয়ে রাখা যায় বা পিছিয়ে দেওয়া যায়। কিন্তু তা চূড়ান্ত সমাধান হতে পারে না। আগামী দিনে বিশ্বশক্তিগুলি হস্তক্ষেপ বা মধ্যস্থতার সময় না-ও পেতে পারে। তখন অনেক দেরি হয়ে যাবে। ক্ষয়ক্ষতি বা ধ্বংসলীলা তখন আর এড়ানো যাবে না।" তবে এদিন পাক-সেনাকর্তার একটি ইঙ্গিতপূর্ণ কথা থেকে নানা ব্যাখ্যা শুরু হয়েছে। তিনি মন্তব্য করেছেন, "যখন কোনও সংকট থাকে না, তখন কাশ্মীর নিয়ে আলোচনাও হয় না।" তবে কি পহেলগাঁওয়ে জঙ্গি হামলা হয়েছিল কাশ্মীর বিতর্ক উসকে দেওয়ার জন্যই, এমন প্রশ্নও উঠতে শুরু করেছে।

কিন্তু অস্ত্রের ঝনঝনানি যেন শেষ হয়েও শেষ হচ্ছে না। এবার শুরু হয়েছে কথার যুদ্ধ। এবং ভারত-পাকিস্তানের মধ্যে উত্তেজনার রেশ পৌঁছল সিঙ্গাপুরেও। সেখানেই বাগযুদ্ধে জড়ালেন দু'দেশের সেনাকর্তারা। ভারতের সেনা সর্বাধিনায়ক (চিফ অফ ডিফেন্স স্টাফ বা সিডিএস) জেনারেল অনিল চৌহান সাফ জানিয়ে দিয়েছেন, 'অপারেশন সিঁদুর' ভারতের সহ্যের সীমার লাল দাগটি টেনে দিয়েছে। এর থেকে পাকিস্তান আগামী দিনে শিক্ষা নেবে বলেও আশা প্রকাশ করেছেন তিনি। অন্যদিকে, পাকিস্তানি সেনাবাহিনীর শীর্ষকর্তা জেনারেল শাহিদ সমশাদ মির্জা কাশ্মীর সমস্যার কথা তুলে ধরে বলেছেন, এই সমস্যার দ্রুত সমাধান না-হলে আগামী দিনে মধ্যস্থতার সময়ও আর পাওয়া যাবে না। তার আগেই বড় অঘটন ঘটে যেতে পারে।

সিঙ্গাপুরের সাংগ্রি-লা বৈঠকে যোগ দিতে গিয়েছেন বিভিন্ন দেশের সেনাকর্তারা। দু'দেশের বাগযুদ্ধে 'গুলি' ছুটল 'আঞ্চলিক সংকট ব্যবস্থাপনা প্রক্রিয়া' শীর্ষক প্যানেল আলোচনায়। সেখানেই ভারতের সেনা সর্বাধিনায়ক (সিডিএস) জেনারেল অনিল চৌহান ও পাকিস্তানের সেনাবাহিনীর শীর্ষকর্তা জেনারেল শাহিদ সমশাদ মির্জা, উভয়ের ভাষণেই উঠে এসেছে ভারত-পাকিস্তানের সাম্প্রতিক সংঘাত এবং সেই সংক্রান্ত বিতর্ক। ক্রমবর্ধমান উত্তেজনার মধ্যেই দু'দেশের সামরিক কর্তারা কড়া হুঁশিয়ারি দিয়েছেন একে অপরকে। অনিল চৌহান সন্ত্রাসবাদের বিরুদ্ধে ভারতের নতুন অবস্থানের উপর যখন জোর দেন, তার পাল্টা জবাবে পাকিস্তানের সেনাকর্তা আবার আঞ্চলিক স্থিতিশীলতায় জোর দিয়েছেন। তিনি দাবি করেছেন, যে কোনও সমস্যার সম্পূর্ণ সমাধান প্রয়োজন। আর ভারত পাল্টা বার্তায় বুঝিয়ে দিয়েছে, "সন্ত্রাসবাদের বিরুদ্ধে ভারতের নতুন 'রেড লাইন' হল অপারেশন সিঁদুর।" অর্থাৎ সহ্যের সীমার লাল রেখা টেনেছে অপারেশন সিঁদুর। তাঁর স্পষ্ট বার্তা, "আমরা প্রায় দু'দশক বা তারও বেশি সময় ধরে সন্ত্রাসের এই ছায়া যুদ্ধের (প্রক্সি ওয়ার) শিকার হয়েছি। এবং অনেক মানুষকে হারিয়েছি। আমরা এর অবসান চাই।" একই সঙ্গে আন্তর্জাতিক মঞ্চে কাশ্মীর বিতর্ক তুলতেই কি পহেলগাঁও হামলা, কার্যত এমন প্রশ্নও উঠল।

## আপাতকালীন পরিষেবা তালিকাসূচী

**Emergency Contacts**
Ambulance - 102
Ambulance (Randhumahal Club) - 9735697689
Child Line – 112
Canning PS - 03218-255221
FIRE - 9064495235

**Contacts of Hospital, Nursing Home & Doctors**
Canning S.D Hospital - 03218-255352
Dipanjan Nursing Home - 03218-255691
Green View Nursing Home - 03218-255550
A.K.Moolal Nursing Home - 03218-315247
Binapani Nursing Home - 9732545652
Nazat Nursing Home, Taldi - 9143032199
Welcome Nursing Home - 9733593488
Dr. Bikash Sapui - 03218-255269
Dr. Biren Mondal - 03218-255247
Dr Arun Dulal Paul - 03218 - (Cham) 253219
(Re) 255548
Dr. Phani Bhusan Das - 03218 - 255364,
(Cham) 255264
Dr. A.K. Bhartacherjee - 03218-255518
Dr. Lokenath Sa - 03218-255660

**Administrative Contacts**
SP Office - 033-24330010
SDO Office - 03218-255340
SDPO Office - 03218-285398
BDO Office - 03218-255205

**Contacts of Railway Stations & Banks**
Canning Railway Station - 03218-255275
SBI (Canning Town) - 03218-255216,255218
PNB (Canning Town) - 03218-255231
Mahila Co-operative Bank - 03218-255134
WB State Co-operative - 03218-255239
Bandhan Bank - Mob. No. 7596012991
Axix Bank - 03218-255352
Bank of Boroda, Canning - 03218-257888
ICICI Bank, Canning - 03218-255206
HDFC Bank, Canning Hos. More - 9088107808
Bank of India, Canning - 03218 - 245091

## রাত্রিকালীন ঔষধ পরিষেবার তালিকাসূচী (ক্যানিং)

প্রতি মাসের এই তারিখে এই সমস্ত দোকান খোলা থাকবে

| | | | | | |
|---|---|---|---|---|---|
| 01 সুন্দরবন ব্লু প্রিন্ট ফার্মেসি | 02 ভারত মেডিকেল হল | 03 সপ্না মেডিকেল হল | 04 ভারত মেডিক্যাল হল | 05 ঘোষ মেডিকেল | 06 ঔষধ ঘর |
| 07 আরোগ্য মেডিক্যাল | 08 মেডিকেয়ার ফার্মেসী | 09 সুন্দরবন ব্লু প্রিন্ট ফার্মেসি | 10 জীবন জ্যোতি ফার্মেসী | 11 সিনহা মেডিকেল হল | 12 গোকুল ফার্মেসী |
| 13 ঔষধ ঘর | 14 সৌভিক ফার্মেসি | 15 নির্মলা মেডিকেল হল | 16 মাতৃ ফার্মেসী | 17 ইউনিক ফার্মেসী | 18 সুন্দরবন ব্লু প্রিন্ট ফার্মেসি |
| 19 ঘোষ মেডিকেল | 20 সৌভিক ফার্মেসি | 21 আরোগ্য মেডিকেল | 22 মেডিকেয়ার ফার্মেসী | 23 শোভা মেডিকেল হল | 24 প্রমিলা মেডিকেল কর্নার |
| 25 সিনহা মেডিকেল হল | 26 ঘোষ মেডিকেল | 27 মাতৃ ফার্মেসী | 28 সৌভিক ফার্মেসি | 29 নির্মলা মেডিকেল হল | 30 মাতৃ ফার্মেসী |



# ব্রিকস সম্মেলনে বিশ্বমানের অন্তর্ভুক্তিমূলক ডিজিটাল শাসনের নিদর্শন হিসেবে ভারতের ডিজিটাল জনপরিকাঠামোকে তুলে ধরলেন ডঃ পেম্মাসানি চন্দ্র শেখর

**নতুন দিল্লি, ০৩ জুন, ২০২৫**

ব্রাজিলের ব্রাসিলিয়ায় একাদশ ব্রিকস যোগাযোগ মন্ত্রীস্তরীয় সম্মেলনে ভারত অন্তর্ভুক্তিমূলক, সুস্থিত ও ভবিষ্যৎমুখী ডিজিটাল উন্নয়নের প্রতি নিজের অঙ্গীকার পুনর্ব্যক্ত করেছে। ব্রাজিলের পৌরোহিত্যে ব্রিকসের এই সম্মেলনের মূল ভাবনা ছিল – সর্বজনীন ও অর্থপূর্ণ সংযোগস্থাপন, মহাকাশ সুস্থিতি, পরিবেশ সংরক্ষণ ও ডিজিটাল পরিমণ্ডল। এই সম্মেলনে ভারতের প্রতিনিধিত্ব করেন যোগাযোগ ও গ্রামোন্নয়ন প্রতিমন্ত্রী ডঃ পেম্মাসানি চন্দ্র শেখর।

ভারতের পক্ষে বক্তব্য রাখতে উঠে ডঃ চন্দ্র শেখর বিশ্বমানের অন্তর্ভুক্তিমূলক ও রূপান্তরধর্মী ডিজিটাল শাসনের নিদর্শন হিসেবে ভারতের ডিজিটাল জনপরিকাঠামোকে তুলে ধরেন। এই প্রসঙ্গে আধার ও ইউনিফায়েড পেমেন্টস ইন্টারফেস ইউপিআই-এর ভূমিকার উল্লেখ করে তিনি বলেন, আধার ৯৫ কোটিরও বেশি ভারতীয় নাগরিককে সুরক্ষিত ডিজিটাল পরিচয়পত্র দিয়েছে। এর সুবাদে তারা বিভিন্ন অত্যাবশ্যক সরকারি ও বেসরকারি পরিষেবার নাগাল পাচ্ছেন। ইউপিআই ডিজিটাল পেমেন্টের ক্ষেত্রে বিপ্লব ঘটিয়েছে। বর্তমানে বিশ্বের মোট ডিজিটাল লেনদেনের ৪৬ শতাংশই ভারতে হয়।

অভূতপূর্ব এই ডিজিটাল অগ্রগতির সম্পূর্ণ কৃতিত্ব প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদীকে দিয়ে ডঃ চন্দ্র শেখর বলেন তাঁর দূরদর্শী নেতৃত্বের জন্যই ভারত এই অন্তর্ভুক্তিমূলক প্রাণবন্ত ডিজিটাল পরিমণ্ডল গড়ে তুলতে সক্ষম হয়েছে, যা আজ বিশ্বের বহু দেশকে উদ্বুদ্ধ করছে।

ডঃ চন্দ্র শেখর ডিজিটাল জনপরিকাঠামোর সুফল গ্রহণের জন্য ব্রিকস গোষ্ঠীভুক্ত দেশগুলির সহযোগিতা আরও সুগভীর করার আহ্বান জানান। আর্থিক অন্তর্ভুক্তিকরণ, সুশাসন ও ডিজিটাল উদ্ভাবনের অনুঘটক হিসেবে ভারতের ডিজিটাল জনপরিকাঠামো মডেলকে তুলে ধরেন তিনি।

ভারতের প্রাণবন্ত স্টার্টআপ পরিমণ্ডল, সুদৃঢ় ডিজিটাল দক্ষতা উন্নয়ন প্রয়াস এবং টেলিযোগাযোগ আইন, ডেটা সুরক্ষা আইনের মতো প্রগতিশীল আইনের উল্লেখ করে ডঃ চন্দ্র শেখর ডিজিটাল যুগে আস্থা ও ব্যবহারকারীর সুরক্ষার উপর বিশেষ গুরুত্ব আরোপ করেন।

টেলিকম জালিয়াতির মোকাবিলায় ভারতের সঞ্চার সাথী প্রয়াসের উল্লেখ করে ডঃ চন্দ্র শেখর সাইবার সুরক্ষা, ডেটা সুরক্ষা ও ডিজিটাল আস্থা গঠনে ব্রিকস দেশগোষ্ঠীর মধ্যে আরও নিবিড় সহযোগিতার আহ্বান জানান।

ডঃ চন্দ্র শেখর বলেন, ডিজিটাল বিভাজন থেকে যাত্রা শুরু করে ভারত আজ ডিজিটাল নেতৃত্বদানের জায়গায় এসে পৌঁছেছে। ডিজিটাল ভারতনিধি কর্মসূচির আওতায় ভারত নেট-এর মতো প্রকল্প রূপায়ণ করা হচ্ছে। এতে ২ লক্ষ ১৮ হাজারেরও বেশি গ্রাম পরিষদকে অপ্টিকাল ফাইবারের মাধ্যমে সংযুক্ত করা হয়েছে। ভারতের জনসংখ্যার ৯৫ শতাংশের বেশি মানুষের কাছে ফোর-জি পরিষেবা পৌঁছে গেছে, ফাইভ-জি পরিষেবা ব্যবহার করছেন ৮০ শতাংশেরও বেশি মানুষ। এখানকার ডেটার খরচও বিশ্বের মধ্যে সব থেকে কম – প্রতি গিগাবাইটে মাত্র ১২ সেন্ট। ডঃ চন্দ্র শেখর বলেন, মহাকাশ আজ আর সুদূর নয়, তা আজ আধুনিক ডিজিটাল পরিকাঠামোর এক অবিচ্ছেদ্য অঙ্গ। ভারত এই ক্ষেত্রে বিভিন্ন গুরুত্বপূর্ণ সংস্কার করেছে - স্যাটকম বিধি সহজ করা হয়েছে, লাইসেন্সিং কাঠামোর প্রসার ঘটিয়ে মোবাইল ও আইওটি উপগ্রহ পরিষেবাকেও এর অন্তর্ভুক্ত করা হয়েছে। কক্ষপথের সাম্য, স্পেকট্রাম শাসন, মহাকাশ পরিবহণ ব্যবস্থাপনার মতো বিভিন্ন বিষয়ে বিশ্বজনীন আলোচনায় নেতৃত্ব দিতে ব্রিকস দেশগোষ্ঠীর প্রতি আহ্বান জানান তিনি।

ডিজিটাল বিস্তারের ফলে জলবায়ু পরিবর্তন ও ই-বর্জ্যের বিপদ স্বীকার করে নিয়ে ডঃ চন্দ্র শেখর বলেন, ২০৩০ সালের মধ্যে ৮২ বিলিয়ন কিলোগ্রাম ই-বর্জ্য জমা হবে বলে মনে করা হচ্ছে। এর মোকাবিলায় ভারত দিল্লিতে জি-২০ শীর্ষ সম্মেলনে স্বাক্ষরিত গ্রিন ডেভেলপমেন্ট প্যাক্ট এবং কপ-২৬ –এ ঘোষিত পঞ্চামৃত অঙ্গীকারের মতো বিভিন্ন প্রয়াসে নেতৃত্ব দিচ্ছে বলে তিনি জানান। ব্রিকস সদস্য দেশগুলিকে বৃত্তাকার অর্থনীতির মডেল গ্রহণ করতে এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি পরিকাঠামোয় দূষণমুক্ত জ্বালানী ব্যবহারের আহ্বান জানান তিনি।

সম্মেলনে চূড়ান্ত ঘোষণাপত্র গ্রহণকে স্বাগত জানিয়ে ডঃ চন্দ্র শেখর ব্রিকস দেশগুলির সহযোগিতামূলক চেতনার প্রশংসা করেন। তিনি বলেন, ভারত মনে করে ব্রিকস নিছক যোগাযোগের একটি মঞ্চ নয়, ডিজিটাল সাম্য ও চেতনা বৃদ্ধির লক্ষ্যে সহমনোভাবাপন্ন দেশগুলির কর্মস্থল। আয়োজক হিসেবে ব্রাজিলের ভূমিকার প্রশংসা করেন তিনি।

২০২৬ সালে ভারতে অনুষ্ঠিতব্য দ্বাদশ ব্রিকস যোগাযোগ মন্ত্রীস্তরীয় সম্মেলনে ব্রিকস গোষ্ঠীভুক্ত সব দেশকে আমন্ত্রণ জানিয়ে ডঃ চন্দ্র শেখর বলেন, ভারতের সুপ্রাচীন মূল্যবোধ হল বসুধৈব কুটুম্বকম – সারা বিশ্ব এক পরিবার। এক পৃথিবী এক পরিবার এক ভবিষ্যতের অভিন্ন ভাবনাই বিশ্বব্যাপী ডিজিটাল সহযোগিতার দিশা নির্দেশক হয়ে থাকবে বলে তিনি মন্তব্য করেন।

(২ পাতার পর)

## কলকাতায় প্রথম কোভিড মৃত্যু

করোনা পরীক্ষা করা হয়। রিপোর্ট আসে পজিটিভ।

এরপর থেকেই ভেন্টিলেশনে ছিলেন তিনি। অবশেষে মৃত্যু হয় তাঁর। স্বাস্থ্যমন্ত্রকের তরফে বিষয়টি নিশ্চিত করা হয়েছে। চিকিৎসকরা জানিয়েছেন, হৃদযন্ত্র বিকল হয়ে গিয়েছিল মহিলার। কিডনি ক্ষতিগ্রস্ত হয়ে সেপটিক শকে চলে গিয়েছিলেন ওই রোগী। উল্লেখ্য, নতুন করে করোনা আক্রান্তের সংখ্যা বাড়তেই কেন্দ্র ও রাজ্যের তরফে আমজনতাকে সচেতন করা হয়েছে। আতঙ্কিত না হওয়ার বার্তা দেওয়া হয়েছে বারবার। বিশেষজ্ঞদের একটা অংশের ধারণা, আগের মতো মারণ ক্ষমতা হারিয়েছে এই ভাইরাস। বিশেষজ্ঞরা আবার মাস্ক ব্যবহারের অনুরোধ করেছেন। শর্দি-কাশি ও শ্বাসকষ্ট হলেই দ্রুত টেস্ট করার নির্দেশ দেওয়া হয়েছে।




# সেক্রেটারির সঙ্গে প্রেম, আশার সঙ্গে দূরত্ব বাড়ে বড়বোন লতার

স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন



সেই সময় লতা মঙ্গেশকর গানের ক্যারিয়ারে প্রতিষ্ঠিত। আর নিজের জায়গা তৈরির করার চেষ্টা করছেন আশা। বলিউড শাদির রিপোর্ট অনুযায়ী, ১৬ বছর বয়সে লতা মঙ্গেশকরের সেক্রেটারি গণপথরাও ভোঁসলের সঙ্গে সম্পর্কে জড়িয়েছিলেন আশা। কিন্তু সেই সময় গণপথরাওয়ের বয়স ছিল আশার প্রায় দ্বিগুন, ৩১ বছর। এই ঘটনার কথা জানাজানি হতেই ছোট বোনের সঙ্গে সমস্ত সম্পর্ক ত্যাগ করেন লতা। গণপথরাওকে বিয়ে করে সংসার পাতেন আশা। এই বিয়ের কারণে লতার সঙ্গে মুখ দেখাদেখি বন্ধ হয় ছোট বোনের। কিছু সময় যেতে না যেতেই আশা জন্ম দেন পুত্র হেমন্তের। সেই সুখবর পেতেই আশা এবং তার সদ্যজাতকে গ্রহণ করে নেয় মঙ্গেশকর পরিবার। বোনকে কাছে টেনে নেন লতা।

আশার সঙ্গে মঙ্গেশকর পরিবারের সবকিছু ঠিক হয়েই যাচ্ছিল, এমন সময় বেঁকে বসেন আশার স্বামী গণপথরাও। তিনি একদমই চাইতেন না আশা তার বাপের বাড়ির সঙ্গে সুসম্পর্ক রাখুন। এই নিয়ে নিত্যদিন অশান্তি লেগেই থাকত ভোঁসলে পরিবারে। এর মাঝেও আশা-গণপথের আরও দুই সন্তানের জন্ম হয়। তিন সন্তানের জননী আশা পরিবার নিয়েই ব্যস্ত ছিলেন।

এদিকে, ততদিনে লতার খ্যাতি আকাশচুম্বি। জনপ্রিয়তার মধ্যগগনে বিরাজমান লতার যশ সইতে পারছিলেন না গণপথরাও। আশারও তখন কাজের অফার আসা কমতে থাকে। ভয় পেতে শুরু করেন গণপথ। তিনি নাকি চাইতেন, স্ত্রী আশা অনেক-অনেক উপার্জন করুন। বড় শ্যালিকা লতার সঙ্গে স্ত্রীকে দেখা করতে দিতে চাইতেন না তিনি। তার ওপর টাকার জন্য চাপ দিতে থাকেন স্ত্রী আশাকে। একটা সময় পর স্ত্রী আশাকেও সন্দেহ করতে শুরু করেছিলেন গণপথ। ১৯৬০ সালে আশা এবং তিন সন্তানকে বাড়ি ছাড়া হতে বাধ্য করেছিলেন তিনি। তাদের এক কাপড়ে বাড়ি থেকে বের করে দিয়েছিলেন গণপথরাও ভোঁসলে। শুরু হয় আশার জীবনযুদ্ধ। ঘুরে দাঁড়াতে শিখে যান তিনি। একের পর-এর সিনেমায় গান গাইতে থাকেন। একের পর-এক হিটস দিতে থাকেন। 'গুমরাহ', 'ওয়াক্ত', 'আদমি অউর ইনসান', 'হামরাজ়'-এর মতো সিনেমায় প্লেব্যাক করতে শুরু করেন তিনি। প্রতিটি গানই হিট হয়। তখনই সচিন দেব বর্মনের পুত্র রাহুল দেব বর্মনের সঙ্গে স্টুডিয়োতে আলাপ হয় আশার। তারপর সবটাই রূপকথার গল্প।

# নারীদের কাছে কেন ক্ষমা চাইলেন সুনীল শেঠি?



স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন

গত মার্চ মাসে সন্তানের জন্ম দেন বলিউড অভিনেতা সুনীল শেঠি কন্যা আথিয়া শেঠি। স্বাভাবিকভাবেই মা হন তিনি। আর তাতে উচ্ছ্বসিত হন তার অভিনেতা বাবা; মেয়ের সাহসিকতার ঢালাও প্রশংসা করেন। সেই প্রশংসার বক্তব্যে সুনীল বলেন, 'বর্তমান বিশ্বে প্রায় প্রত্যেকে কিছুটা আরামের জন্য সিজারিয়ান প্রসব চান। আথিয়া তা চায়নি। স্বাভাবিক প্রজনন পদ্ধতিকে বেছে নেন। হাসপাতালের নার্স, শিশু বিশেষজ্ঞরা পুরো পদ্ধতি সম্পর্কে আমাকে জানিয়েছেন; একজন বাবা হিসেবে যেটা আমাকে যন্ত্রণা দিয়েছে। তবে এটা ভেবে খুশি যে ও প্রস্তুত। আথিয়া খুবই শক্তিশালী। একবারের জন্য তাকে ভেঙে পড়তে কিংবা ক্লান্ত, বিধ্বস্ত হতেও দেখিনি।'

কিন্তু অভিনেতার এই বক্তব্যের মাঝে 'আরামের জন্য অনেকে সিজারিয়ান পদ্ধতি বেছে নেন'- এই মন্তব্য ঘিরে তৈরি হয় বিতর্ক। আর তা নিয়ে সোশ্যাল মিডিয়ায় ধেয়ে আসে কটাক্ষের ঝড়। তবে বিতর্কের মাঝে নতিস্বীকার করলেন অভিনেতা।

তাই সকল নারীদের কাছে ক্ষমা চেয়ে সুনীল শেঠি বলেন, 'আমি যে বক্তব্য রেখেছি তা ২০০ শব্দের বা তারও বেশি। অথচ আমার বক্তব্যের একাংশ নিয়ে বিতর্ক হচ্ছে। কেউ কেউ আমার বক্তব্যের দুই লাইন শুনে ভুল ব্যাখ্যা করছেন। কারও সি সেকশন (সিজার) যখন হয়, তখন তিনি জানেন না কী হতে চলেছে। শুধু ভালোবাসা নয়, আজীবন স্ত্রীকে সম্মান করুন। আর সে কারণে বোধহয় নারীদের দেবীর স্থান দেওয়া হয়। তবু যারা দুঃখ পেয়েছেন, তাদের কাছে আমি ক্ষমাপ্রার্থী।'

বিতর্কের মুখে ক্ষমা চেয়ে সুনীল শেঠির এই মন্তব্যের প্রশংসা করেছেন নেটিজেন-ভক্তরা।

# রেগে পানের পাত্র ছুড়ে মারেন নৃত্যগুরু, পা কাটে রেখার

স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন



রেখা, বলিউডের স্টার আইকোন, যাকে নিয়ে আজও ভক্তরা নস্ট্যালজিয়া। একের পর এক হিট সিনেমা যার ঝুলিতে, যার রূপে মুগ্ধ আট থেকে আশি, তাকেই নাকি একবার শুনতে হয়েছিল, তিনি নিজের চেহারাটা আয়নায় দেখেননি, তিনি অভিনেত্রী হতে এসেছেন?

এখানেই শেষ নয়, রেখার ভাষ্য, তাকে মারও খেতে হয়েছিল। একবার কপিল শর্মা শোতে এসে সেই অভিজ্ঞতার কথা জানান রেখা। যদিও তা খুব একটা তিক্ত নয় নায়িকার কাছে। তিনি বলেন, তখনকার দিনে সবটাই ভীষণ স্নেহের ছিল। সম্পর্কগুলো ছিল পরিবারের মতো।

রেখাকে প্রশ্ন করা হয়, আপনি কখনও পরিচালকের কাছে বকুনি খেয়েছেন? জবাবে রেখা বলেন, প্রচুর। শুধু বকুনি নয়, মারও খেয়েছি। তখনকার দিনে অনেক বেশি কাছের হতো সম্পর্কগুলো। পরিবারের মতো। তাই শাসনও চলত। কেবল সিনেমার পরিচালকের থেকে নয়, নাচের কোরিওগ্রাফারের বকুনিও খেয়েছি। বিশেষ করে দক্ষিণ ভারতের যে নৃত্যগুরু ছিলেন, তারা ভীষণ অনুশীলনের বিষয় কড়া হতেন।

তিনি বলেন, হীরালাল মাস্টার একবার আমায় বলেছিলেন, তুই অভিনেত্রী হতে এসেছিস? আয়নায় মুখ দেখেছিস? এটা কর। সবটাই যদিও খুব স্নেহের সঙ্গে বলতেন। একবার আমার ওপর খুব রেগে গিয়েছিলেন। একবার, দুবার, তিনবার, একই জিনিস হচ্ছে... রেগে গিয়ে হাতের কাছে থাকা পানের পাত্র ছুড়ে মেরেছিলেন। মুহূর্তে আমার পা কেটে যায়। ঝরঝর করে রক্ত পড়তে থাকে।

# ক্লাব বিশ্বকাপের জন্য রোনালদোকে কিনতে চায় কাসাব্লাঙ্কা

স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন

ঠিক বিশ্বকাপের মতো করে ক্লাব বিশ্বকাপ আয়োজন করতে যাচ্ছে ফিফা। ৩২ দল যুক্তরাষ্ট্রে ১৫ জুন থেকে ১৪ জুলাই পর্যন্ত এক মাসের এই টুর্নামেন্টে অংশ নেবে। নতুন ফরম্যাটের এই ক্লাব বিশ্বকাপে ক্রিস্টিয়ানো রোনালদো না থাকলে কি মানায়!

ফিফা প্রেসিডেন্ট জিয়ান্নি ইনফান্তিনো পর্যন্ত একটা উপায় বের করার বার্তা দিয়েছেন, ‘ক্লাব বিশ্বকাপে রোনালদো খেলতেই পারে। কিছু ক্লাব বিষয়টি নিয়ে কথা বলছে। তারা ক্লাব বিশ্বকাপ সামনে রেখে তাকে দলে



ভেড়াতে আগ্রহী। হাতে আরও কিছু সময় বাকি আছে। দেখা যাক।’

ফিফা প্রেসিডেন্ট এও জানিয়েছেন, ইন্টার মায়ামি রোনালদোকে কেনার চেষ্টা করতে পারে। মেসি ও রোনালদো একই দলের হয়ে খেললে ভক্তরা পছন্দ করবে।

মরক্কোর ক্লাব ওয়েদাদ কাসাব্লাঙ্কা রোনালদোকে দলে নেওয়ার চেষ্টা করছে বলে জানিয়েছেন মরক্কোর ফুটবলার নরদিন আম্রাবাত, ‘এটা সত্য। কাসাব্লাঙ্কার প্রেসিডেন্ট খুবই আশাবাদী। তিনি বড় কিছু নাম নিয়ে কাজ করছেন। রোনালদো তাদের একজন।’ আম্রাবাত হালসিটি থেকে কাসাব্লাঙ্কায় যোগ দিয়েছেন।

ক্রিস্টিয়ানো রোনালদোর সঙ্গে সৌদি আরবের ক্লাব আল নাসরের ৩০ জুন চুক্তি শেষ হয়ে যাচ্ছে। ক্লাব বিশ্বকাপে আল নাসর জায়গা পায়নি। রোনালদোর সঙ্গে ক্লাবটি চুক্তি নবায়ন করবে কিনা তাও নিশ্চিত নয়। ক্লাব বিশ্বকাপ ঘিরে বেশ কিছু ক্লাবে সিআরসেভেনের যাওয়ার গুঞ্জন আছে। ইন্টার মায়ামি, ক্লাসাব্লাঙ্কা, ব্রাজিলের বোটাফোগো এর মধ্যে উল্লেখযোগ্য।

## অবসর নিচ্ছি না, পরের বার ফিরব তাও বলছি না: ধোনি



স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন

আইপিএলের এবারের মৌসুম শেষ হলেও মহেন্দ্র সিং ধোনির অবসর নিয়ে জল্পনার অবসান ঘটেনি। গুজরাট টাইটান্সের বিরুদ্ধে ম্যাচের শেষে যখন শেষ উইকেটটি পড়ে, তখনই শুরু হয় চর্চা, এই কি তবে ধোনির শেষ আইপিএল ম্যাচ? ম্যাচের পর পুরস্কার বিতরণী অনুষ্ঠানে ধোনি অবশ্য স্পষ্ট করে জানিয়ে দিলেন, এখনই কোনও সিদ্ধান্ত নিচ্ছেন না।

ধোনি বলেন, 'আমার হাতে এখনও ৪-৫ মাস সময় আছে সিদ্ধান্ত নেওয়ার জন্য। কোনও তাড়া নেই। নিজেকে ফিট রাখতে হবে, সেরাটা দিতে হবে। যদি পারফরম্যান্স দেখেই অবসর নিতে হয়, তাহলে অনেকেই ২২ বছর বয়সেই অবসর নিয়ে নিত।'

তিনি আরও বলেন, 'আমি এখন রাঁচিতে ফিরব, বাইক চালাব। আমি বলব না আমি ফুরিয়ে গিয়েছি, আবার বলব না যে কামব্যাক করব। সময় নিয়ে ভাবব, তারপর সিদ্ধান্ত নেব।'

২০২০ সালে ধোনি আন্তর্জাতিক ক্রিকেট থেকে অবসর নিয়েছিলেন হঠাৎ করেই, ইনস্টাগ্রাম পোস্টের মাধ্যমে। আইপিএলেও কি সেই একই পথে হাঁটবেন তিনি? আপাতত তার উত্তর সময়ই দেবে। এখন শুধু অপেক্ষা ধোনির চূড়ান্ত সিদ্ধান্তের।

## নাপোলির সঙ্গে কথা-বার্তা পাকা ডি ব্রুইনির

স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন

বেলজিয়ামের ৩৩ বছর বয়সী মিডফিল্ডার কেভিন ডি ব্রুইনি মনে করেন, এখনো তার ইউরোপের শীর্ষ পর্যায়ে খেলার সামর্থ্য আছে। সৌদি প্রো লিগ কিংবা যুক্তরাষ্ট্রের মেজর লিগ সকার (এমএলএস) থেকে প্রস্তাব পেলেও ইতালির লিগ চ্যাম্পিয়ন নাপোলিতে যাওয়ার সিদ্ধান্ত নিয়েছেন তিনি।

সংবাদ মাধ্যম ইএসপিএন দাবি করেছে, সিরি এ চ্যাম্পিয়নদের সঙ্গে কথা-বার্তা পাকা হয়ে গেছে ডি ব্রুইনির। নাপলসে এক পা দিয়েও ফেলেছেন ১০ বছর পর ম্যানচেস্টার সিটি ছাড়তে যাওয়া ডি ব্রুইনি। তার সঙ্গে লম্বা চুক্তিই করতে যাচ্ছে নাপোলি।

ফুটবল দলবদল নিয়ে কাজ করা ইতালির সাংবাদিক মাতেও মোরাত্তো জানিয়েছেন, আগামী মৌসুমের চ্যাম্পিয়ন্স লিগে নাম তোলা নাপোলি ডি ব্রুইনির সঙ্গে তিন বছরের চুক্তি করতে যাচ্ছে। চুক্তিতে প্রথম দুই মৌসুম বার্ষিক ৬ মিলিয়ন ইউরো বেতনের শর্ত থাকছে। শেষ বছরে কমে যা হবে ৫ মিলিয়ন ইউরো।



তবে নাপোলির প্রস্তাবিত ওই বেতন ম্যানসিটিতে ডি ব্রুইনির সর্বশেষ বেতনের এক তৃতীয়াংশেরও কম। ম্যানসিটি থেকে বছরে ২০.৮ মিলিয়ন ইউরো বেতন নিতেন সময়ের অন্যতম সেরা এই মিডফিল্ডার। ডি ব্রুইনি আজ ফুলহামের বিপক্ষে ম্যানসিটি ক্যারিয়ারের শেষ ম্যাচ খেলবেন।

পেপ গার্দিওলার অধীনে ম্যানসিটির হয়ে ডি ব্রুইনি ছয়টি প্রিমিয়ার লিগ জিতেছেন। চ্যাম্পিয়ন্স লিগসহ একাধিক শিরোপা ঘরে তুলেছেন। গার্দিওলার ম্যানসিটির অন্যতম হাতিয়ার ছিলেন ডি ব্রুইনি। তবে দুই মৌসুম ধরে বারবার চোটে পড়ে মাঠের বাইরে থাকতে হয়েছে তাকে। শেষ হতে যাওয়া মৌসুমেও একাধিকবার চোটের কবলে পড়েছেন তিনি। যে কারণে ম্যানসিটি তার সঙ্গে চুক্তি নবায়ন করেনি।

● স্বত্বাধিকারী, প্রকাশক, মুদ্রক : মৃত্যুঞ্জয় সরদার কর্তৃক প্রকাশিত এবং ১৬বি, নবীন কুন্ডু লেন, কলেজ রো, কলেজ স্ট্রীট, কলকাতা-৭০০০০৯ এবং ১৯ডি, জামির লেন, কলকাতা-৭০০০১৯ থেকে ডিজিটাল মুদ্রিত ● সম্পাদক : মৃত্যুঞ্জয় সরদার, ফোন : ৯৫৬৪৩৮২০৩১
● Printed, Published, Owned by MRITYUNJOY SARDAR ● Printed by Queen Press - Hedia, P.O. : Uttar Moukhali,P.S. : Jibantala, Dist. : South 24 Parganas, Pin : 743329 and Published at 16 B, Nabin Kundu Lane, College Row, College Street, Kolkata -700009 ● Phone : 9564382031 Email : durodristhi@gmail.com Editor : MRITYUNJOY SARDAR